

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং-১০

মে ২২, ২০১৪
তারিখ:-----
জ্যৈষ্ঠ ০৮, ১৪২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

প্রতিটি জেলায় ৫-১০ জন ব্যাংক কর্মকর্তাকে আইসিটি উদ্যোক্তা উন্নয়নের জন্য
মেন্টর (Mentor) হিসেবে দায়িত্ব প্রদান প্রসঙ্গে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের
এপ্রিল ২৪, ২০১৪ তারিখের পত্র নং-৫৬.০০.০০০০.০০২.১৪.০০১.১৪-১৮ আপনাদের অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণার্থে
পুনঃমুদ্রিত হলো।

০২। এমতাবস্থায়, উক্ত স্মারকে বিধৃত সরকারী সিদ্ধান্ত অনুসরণ ও তার যথাযথ পরিপালন নিশ্চিত করার জন্য
আপনাদেরকে পরামর্শ দেয়া হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ নাসিরুজ্জামান)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২



সচিব
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি বিভাগ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপানুষ্ঠানিক পত্র নং ৫৬.০০.০০০০.০০২.১৪.০০১.১৪-৯৮

তারিখঃ ১৪/০৪/২০১৪

বিষয়: প্রতিটি জেলায় ৫-১০ জন ব্যাংক কর্মকর্তাকে আইসিটি উদ্যোক্তা উন্নয়নের জন্য মেন্টর (Mentor)
হিসেবে দায়িত্ব প্রদান

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, অপার সম্ভাবনার আইসিটি বাজারে বাংলাদেশের পণ্য বা সেবা বিক্রয়ের সুযোগ গ্রহণ করতে হলে দক্ষ জনশক্তি গড়ে তোলা প্রয়োজন। তাই তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ জনগণের দোরগোড়ায় সরকারী সেবা পৌঁছে দেয়া, দক্ষ জনশক্তি গড়ে তোলা ও আন্তর্জাতিক আইসিটি বাজারে এ দেশীয় শিল্পের প্রবেশের সুযোগ সৃষ্টির জন্য বিভিন্ন কর্মসূচি ও প্রকল্প গ্রহণ করেছে। বর্তমানে “ফিল্যান্ডার টু এন্টারপ্রেনিউর ডেভেলপমেন্ট প্রোগ্রাম” নামে একটি কর্মসূচি বাস্তবায়নের মাধ্যমে দেশব্যাপি আইসিটি উদ্যোক্তা গড়ে তোলার জন্য উদ্যোগ নেওয়া হয়েছে। এ কর্মসূচির মাধ্যমে যে সকল এন্টারপ্রেনিউর গড়ে উঠবেন তাদের মধ্যে থেকে অনেকে কালিয়াকৈর হাইটেক পার্ক, যশোর হাইটেক পার্ক ও অন্যান্য বিভাগ ও জেলা পর্যায়ে হাইটেক পার্কে বড় আইসিটি ব্যবসা প্রতিষ্ঠান গড়ে তুলবেন মর্মে আশা করা যাচ্ছে।

২। অতএব, বিভিন্ন সরকারী ও বাণিজ্যিক ব্যাংকগুলোকে তাদের জেলা পর্যায়ে কর্মকর্তাদের থেকে (৫-১০ জন) উদ্যোক্তা উন্নয়নের জন্য কর্মকর্তাদের মাঝে মেন্টর (Mentor) হিসেবে মনোনয়ন দেয়ার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, এ মেন্টরগণের কর্মতৎপরতাকে তাঁর ব্যক্তিগত মূল্যায়নের অংশ করলে তিনি এ কাজে উৎসাহিত হবেন এবং তার মনোনয়নের মাধ্যমে জাতি উপকৃত হবে। উল্লেখ্য, বর্তমান সরকার ২০২১ সালের রূপকল্প ২০২১ বাস্তবায়ন করে বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে রূপান্তর করতে চায়। সরকারের এ ল্যকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য তার এ উদ্যোগ আন্তরিকতার সাথে সমাদৃত হবে নিঃসন্দেহে।

৩। অতএব, তাঁর পক্ষ থেকে এ বিষয়ে আদেশ জারীর জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি।

গভর্নর
বাংলাদেশ ব্যাংক

(মো. নজরুল ইসলাম খান)

সচিব

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়